দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 MAY 2008 ...
পৃষ্ঠা ১০ কলাম ২

# সরিষাবাড়ীতে উপবৃত্তি না পেয়ে ৩০ ভাগ ছাত্রী এসএসসি পাসের আগেই ঝরে যাচ্ছে

সরিষাবাড়ী (ময়মনসিংহ) উপজেলা সংবাদদাতা

সরকার উপবৃত্তি পদ্ধতি পরিবর্তন করায় সরিষাবাড়ীতে ৭০ ভাগ ছাত্রী উপবৃত্তি না পাওয়ায় ৩০ ভাগ ছাত্রী এসএসসিতে যাওয়ার আগেই লেখাপড়া থেকে দূরে সরে যাচ্ছে। ফলে ৩০ ভাগ ছাত্রী ঝরে পড়ে দেশের মহিলা শিক্ষিতের হার কমে যাচ্ছে। সরিষাবাড়ীসহ জেলার অন্য ৭টি উপজেলায় খোঁজ নিয়ে জানা গেছে, যে সব মেয়ে শিক্ষার্থীরা ৫ম শ্রেণী প্রাথমিক বিদ্যালয় শেষ করে মাধ্যমিক স্তরে ৬ষ্ঠ শ্রেণীতে মাদ্রাসা বা স্কুলে ভর্তি হচ্ছে, তাদের শতকরা ৭০ ভাগই উপবৃত্তি পাচ্ছে না। আবার এই না পাওয়া ৭০ ভাগ ছাত্রীর মধ্যে ৩০ ভাগ একেবারে গরীব বা অসহায় হওয়ায় তারা ৭ম শ্রেণী থেকেই লেখাপড়া ছেড়ে দিচ্ছে। বাকি ৪০ ভাগ মধ্যবিত্ত ঘরের হওয়ায় এসএসসি পর্যন্ত লেখাপড়া চালিয়ে যায়। এ বছর ২০০৭ সালের এসএসসি ও দাখিল পরীক্ষার্থীর সংখ্যা থেকে দেখা যাচ্ছে, উপবৃত্তি না পাওয়ায় ১০% ছাত্রী ফরম পূরণ করতে পারেনি। এর আগের বছরগুলোতে এসএসসি বা দাখিল পরীক্ষায় অংশগ্রহণে ১ ভাগও বাদ ছিল না। ধারণা করা হচ্ছে (শত ভাগ গ্যারান্টি সহকারে) আগামী এসএসসি বা দাখিল পরীক্ষায় ২০ ভাগ ছাত্রী উপবৃত্তি না পাওয়ার কারণে অংশ নিবে না বলে আশঙ্কা করা হচ্ছে। এরপর ২০০৯ সালের পরীক্ষায় ৩০% ছাত্রী এসএসসি বা দাখিল পরীক্ষায় অংশ নিচ্ছে না। উপবৃত্তি শুরুর লগ্ন থেকে ২০০৭ পর্যন্ত ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত মাদ্রাসা বা স্কুলের ১ ভাগ মেয়েও উপবৃত্তি থেকে বাদ পড়েনি। এবার নতুনভাবে ছেলেদের এ উপবৃত্তি দেয়ায় বিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি হয়ে পড়েছে হ-য-ব-র-ল।